গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা

দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

২০১৪ সালের ২য় বর্ষ অনার্স অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণের তারিখ বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/202 এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

পরীক্ষার আবেদন ফরম পূরণের পূর্বে অনিয়মিত ছাত্র-ছাত্রীকে অবশ্যই ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ইনকোর্স পরীক্ষা ব্যতিত কোন আবেদন ফরমে সুপারিশ না করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।

জমাদানের তারিখ	বিষয়ের নাম
২১.১০.২০১৫ খ্রি. পর্যন্ত	সকল বিষয়

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য (শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)ঃ

বাংলা, অর্থনীতি, ইতিহাস, ইসলামের ইতিহাস = ২৩৮০/-,
ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ২৩৩০/-
পদার্থ, প্রাণি = ২৫৮০/-, রসায়ন = ২৫৯০/-, উদ্ভিদ= ২৬২০/-, গণিত = ২৬৩০/-
গ্রেড উন্নয়ন ফিস ঃ (কলেজের প্রাপ্য অনলাইন ফিস ব্যতিত) ৪০০/-

১। আবেদন ফরম পূরণের যোগ্যতা ঃ

- ২০১২ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ যে সকল পরীক্ষার্থী ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে।
- ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে তারা যে সকল কোর্সে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সে সকল কোর্সে ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ না করলে এ পরীক্ষার্থী উল্লিখিত কোর্সে পরবর্তী বছরে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ পাবে না। ২০১২ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী F D বা C গ্রেড পেয়ে ২০১৩ সালে পরীক্ষায় অংশ নিয়ে C বা D পেয়েছে তাদের ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।
- যে সকল পরীক্ষার্থী ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়েছে তারা ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষা একই সংগে দেয়া যাবে। সংশোধিত পরীক্ষার রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থীর প্রাপ্ত F গ্রেডকে D বা উচ্চতর গ্রেড উন্নয়নের জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত অংশগ্রহণের সুযোগ পাবে। F গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করে D বা উচ্চতর গ্রেড না পেলে পরীক্ষার্থীর চূড়ান্ত পরীক্ষা শেষে অনার্স ডিগ্রি প্রাপ্য হবে না।
- ২০১১, ২০১২ এবং ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় যে সব পরীক্ষার্থী যে/ যে সব কোর্সে F গ্রেড পেয়েছে কিন্তু ৩য় বর্ষ অনার্সে প্রোমোটেড হয়েছে তারা ২০১৪ সালের পরীক্ষায় ঐ গ্রেড পাওয়া কোর্সে অংশগ্রহণ করতে পারবে। F গ্রেড কোর্স D বা এর বেশি গ্রেডে উন্নীত হলে ঐ কোর্সের মানোন্নয়ন পরীক্ষার সুযোগ নেই।
- ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী Not Promoted হয়েছে তারা ২০১৪ সালের পরীক্ষায় F গ্রেড পাওয়া কোর্স/ কোর্সগুলোতে পরীক্ষায় অংশ নেবে। ২০১৩ সালের পরীক্ষায় C+ বা এর বেশি প্রাপ্ত তত্ত্বীয় কোর্সগুলির পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। একই সাথে ইংরেজি আবশ্যিক কোর্সে অকৃতকার্য পরীক্ষার্থীরা ইংরেজি আবশ্যিক পরীক্ষায় অংশ নেবে। এ পরীক্ষার্থীরা F গ্রেডের সাথে D এবং C প্রাপ্ত কোর্সগুলিতে ইচ্ছে করলে একই সাথে অংশ নিতে পারবে। Promoted হলে F, D এবং C প্রাপ্ত কোর্সে মানউন্নয়ন পরীক্ষার সুযোগ নেই। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য কোর্সে ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত ব্যবহারিক বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ শিক্ষার্থীর কোর্স বাতিল হয়ে যাবে।
- যে সকল শিক্ষার্থী ২০১২ এবং ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে পরপর দুই বার Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। এসব পরীক্ষার্থীর কোর্স বাতিল বলে গণ্য হবে।
- ইংরেজি আবশ্যিক (কোড ৯৯৯৯) কোর্সে অকৃতকার্য ২০০৮-২০০৯, ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

২। পাঠ্যসূচীঃ সকল বিষয়ের পরীক্ষা ৪বছর মেয়াদী অনার্স কোর্সে পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মতো পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষায় অনুষ্ঠিত হবে।

৩। বিভাগীয় প্রধানগনকে জানাচ্ছি যে, পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদালয়ের ওয়েব সাইটে সরাসরি অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা Probable List এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.nubd.info/202 হতে College Login এ প্রবেশ করে নিশ্চয়ন করে করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ডাটা এন্ট্রির করার জন্য কলেজ অফিস থেকে ২১.১০.২০১৫ তারিখের জমাকৃত আবেদন ফরম গ্রহণ করে ডাটা এন্ট্রি করে তার ০১ কপি প্রিন্টকপি এবং জমাকৃত আবেদন ফরম আগামী ২৪.১০.২০১৫ তারিখ বিকেল ৪ ঘটিকার মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।

বিঃ দ্রঃ নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় এবং একজনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হতে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় ঃ

ক) স্ব স্ব বিভাগের **Probable List** দেখে প্রত্যেক শিক্ষার্থীর অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি করে জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ কপি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।

গ) অকৃতকার্য পরীক্ষার্থীদের মুল প্রবেশপত্র এবং গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইন ফলাফল সীট আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)
অধ্যক্ষ
সরকারি বি এল কলেজ, খুলনা

আবেদন ফরম জমাদানের সময়: সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০টা পর্যন্ত।
এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট **www.blcollege.edu.bd** এ পাওয়া যাবে।